



Government of Nepal
Department of Hydrology
and Meteorology



সতর্কবার্তা: ০৬

১৪-২০ ফেব্রুয়ারী ২০২২

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/রাস্ট রোগের পরামর্শ

মূলবার্তা

বাংলাদেশের গম আবাদ অঞ্চল সমূহের মাঠে গমের পাতার মরিচা রোগের প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। তবে রোগের সংক্রমণ খুবই সামান্য।

পরামর্শ

বাংলাদেশে গম আবাদ অঞ্চল সমূহের সব জেলায় গমের পাতার মরিচা রোগের লক্ষণ দেখা যাচ্ছে তবে এখন পর্যন্ত এই রোগের প্রকোপ খুবই সামান্য। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে গমের পাতার মরিচা রোগের সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে তবে তাপমাত্রা বাড়ার সাথে সাথে এই রোগের বিস্তার বাড়তে পারে। ফেব্রুয়ারীর শেষ সপ্তাহে বাংলাদেশের কোনো কোনো স্থানে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার ফলে গমের পাতার মরিচা রোগ বিস্তারে অনুকূল পরিবেশ তৈরী হতে পারে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের পাতার মরিচা রোগ দেখা গেলে এবং সংবেদনশীল জাত (যেমনঃ বারি গম ২৬) হলে এই রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।